# Times Today BD

জেলা প্রতিনিধি | দেশজুড়ে | 01 May, 2025

গাইবান্ধার সাদুল্লাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাজী মোহাম্মদ অনিক ইসলাম জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে ভর্তির সুযোগ পাওয়া এক দরিদ্র মেধাবী শিক্ষার্থীর পাশে দাঁড়িয়েছেন।ওই শিক্ষার্থীর নাম মো. মোস্তাফিজুর রহমান চঞ্চল ।তিনি জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে এ-ইউনিটে ভর্তির সুযোগ পেয়েছেন।কিন্তু টাকার অভাবে তাঁর ভর্তি নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছিল। ইউএনও দরিদ্র এই শিক্ষার্থীর ভর্তি ফি সংক্রান্ত আর্থিক সহয়তা প্রদান করেছেন।বৃহস্পতিবার (১লা মে) দুপুর ১২টার দিকে তিনি নিজ কার্যালয়ে মেধাবী শিক্ষার্থী চঞ্চলের হাতে ভর্তি সংক্রান্ত আর্থিক সহয়তা প্রদান করেন।টাকার অভাবে বিশ্ববিদ্যালয়ে ভর্তি অনিশ্চিত চঞ্চলের"

শিরোনামে বিভিন্ন পত্রিকায় প্রকাশিত হলে তা সাদুল্লাপুরের নির্বাহী অফিসার কাজী মোহাম্মদ অনিক ইসলামের দৃষ্টি আকর্ষণ করে।সার্বিক খোঁজখবর নিয়ে মেধাবী ওই শিক্ষার্থীকে নিজ কার্যালয়ে ডেকে এনে আর্থিক সহযোগিতা করেন সাদুল্লাপুর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) কাজী মোহাম্মদ অনিক ইসলাম। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) জসিম উদ্দিন, উপজেলা প্রাণী সম্পদ অফিসার ডা. মো. সিরাজুল ইসলাম, ভারপ্রাপ্ত কৃষি অফিসার মাহাবুবুল আলম বসুনিয়া,সাদুল্লাপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তাজ উদ্দিন খন্দকার, উপজেলা প্রকৌশলী মো. মেনাজ।এছাড়াও উপস্থিত ছিলেন প্রিন্ট ও ইলেকট্রিক মিডিয়া সাংবাদিকবৃন্দ ।উপজেলা নির্বাহী অফিসার কাজী মোহাম্মদ অনিক ইসলাম বলেন, শিক্ষার উন্নয়নকে সবসময় অগ্রাধিকার দিয়ে আসছি। অদম্য মেধাবীদের

সহায়তা ও শিক্ষার মান উন্নয়নে নিরলসভাবে কাজ করছি।আমার লক্ষ্য, অর্থের অভাবে যেন কারো লেখাপড়া বন্ধ না হয়।এদিকে উপজেলা প্রশাসনের এই সহযোগিতা পেয়ে মেধাবী শিক্ষার্থী মোস্তাফিজুর রহমান চঞ্চল বলেন, ইউএনও স্যার আমার অসহায়ত্বের খবর পেয়ে আমার স্বপ্ন পূরনে পাশে দাঁড়িয়েছেন।আমি খুব আনন্দিত ও গর্বিত।আমি আমার লক্ষ্যে পৌঁছতে পারলে মানুষের পাশে দাঁড়াব ইনশাআল্লাহ। এ জন্য ইউএনও স্যারের প্রতি অসংখ্য কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 03:02

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/7758071717